দৈনিক ইত্তেফাক

১০

তারিখ ... 17 AUG 1998 ...
পৃঃ ৪ কলাম ৭

## প্রাথমিক বৃত্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রসঙ্গে

সরকারী প্রাথমিক বৃত্তি পরীক্ষার্থীদের মেধা যাচাই করিতে গিয়া পরীক্ষার উত্তরপত্রে লেখার সৌন্দর্য, নির্ভুলতা, দ্রুততা-সবকিছুই মূল্যায়ন করা হয়। ইহার পরিপ্রেক্ষিতে প্রশ্নপত্র প্রণয়নে পরীক্ষার সময়ে বিষয়টিও বিবেচনা করা প্রয়োজন। এই প্রসঙ্গে বলা যাইতে পারে, পরিবেশ পরিচিতি (বিজ্ঞান ও সমাজ) দুই বিষয়ে ৫০+৫০ নম্বরের জন্য নির্ধারিত সময় দুই ঘন্টা। সমাজ বিষয়ে এক ঘন্টায় ৫টি প্রশ্নের উত্তর দিতে হয়। তন্মধ্যে শুধু ১ নম্বরেই রহিয়াছে ১০টি প্রশ্ন, যাহার উত্তর দেওয়া বাধ্যতামূলক। উত্তরগুলি 'এক কথায়' নয় এবং প্রতি উত্তরের জন্য নম্বর ধার্য রহিয়াছে এক। এই এক নম্বরের তুলনায় উত্তর অনেক বড়। তাহাছাড়া অন্য আরও ৪টি প্রশ্নের উত্তরের মধ্যে রহিয়াছে ঃ (১) শূন্যস্থান পূরণ, (২) ভুল-শুদ্ধ নির্ণয়, (৩) সঠিক উত্তর লিখন এবং (৪) রচনামূলক প্রশ্নের উত্তর। এই সবের বেলায় প্রতিটিতে ১০টি প্রশ্ন থাকে। মোট ৩০টি প্রশ্ন উত্তরপত্রে তুলিয়া লিখিতে গেলে কতটুকু সময় লাগিবে, তাহা বিবেচনার বিষয়। এই ব্যাপারে প্রশ্নকর্তার বিবেচনা থাকা প্রয়োজন। উত্তরপত্রে প্রশ্নগুলি না লিখিয়া শুধু 'সঠিক উত্তর' লিখিবার ব্যাপারে কোন সুস্পষ্ট নির্দেশ নাই। খালি ঘরের উত্তর বা ভুল-শুদ্ধ লেখার ব্যাপারেও তেমন কোন নির্দেশ নাই। কাজেই পরীক্ষার্থী এ ব্যাপারে কোন সিদ্ধান্ত নিতে পারে না। পরিবেশ পরিচিতি (বিজ্ঞান)-এর প্রশ্নপত্রও তদ্রূপ। বাংলা, ইংরেজী প্রশ্নও সময় বিবেচনায় সামঞ্জস্যহীন। বিষয়টি বিবেচনার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

আব্দুর রশীদ চৌধুরী,
আম্বরখানা,
সিলেট-৩১০০।